

তারিখ, ১৭ আগস্ট, ১৪২২ বঙ্গাব্দ/ ১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২১১ আইন/২০১৫/৪৮/কাস্টমস। Customs Act, 1969 (Act No. IV of 1969) অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 219 এর sub section (1), section 13 এবং Chapter XI এর সাথে পঠিতব্য, উক্ত Act ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ আইন ২০১০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ আইন ২০১০ সনের ৪২ নং (আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৪ এর অধীন বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল (২০১০ সনের ৪২ নং নথির আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৪ এর অধীন বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ কর্তৃক প্রতিষ্ঠিত অর্থনৈতিক অঞ্চলে স্থাপিত শিল্প ইউনিটের আমদানি ও রঙানির কাস্টমস বিষয়ক কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ। (১) এই বিধিমালা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) বিধিমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ এর ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত অর্থনৈতিক অঞ্চলে প্রয়োগ করা হইবে।

২। উক্ত আইনের বিধান অনুসারে প্রতিষ্ঠিত অর্থনৈতিক অঞ্চল একটি ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) হিসাবে বিবেচিত হইবে।

৩। অর্থনৈতিক অঞ্চলে স্থাপিত শিল্প ইউনিট উহার পণ্য উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল বা উপকরণ আমদানির সময় প্রযোজ্য আমদানি শুল্ক, সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর পরিশোধ না করিয়া বন্ড ব্যবস্থায় আমদানি করিতে পারিবে।

৪। কোন শিল্প ইউনিট কর্তৃক উৎপাদিত পণ্য অর্থনৈতিক অঞ্চল এর বাহিরে দেশের অভ্যন্তরে ভোগের (Home Consumption) জন্য বিক্রয় বা হস্তান্তর করিলে উহা আমদানি হিসাবে বিবেচিত হইবে এবং উক্ত পণ্যের উপর প্রযোজ্য যাবতীয় শুল্ক-কর আরোপিত হইবে।

তবে শর্ত থাকে যে, শতভাগ রঙানিময়ী শিল্প ইউনিট জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত পরিমাণের অতিরিক্ত উৎপাদিত পণ্য দেশে অভ্যন্তরে ভোগের জন্য বিক্রয় করিতে পারিবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
(মোঃ নজিরুর রহমান)
সাচিব